



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এম কলেজ, বরিশাল।
www.bmcollege.gov.bd

অধ্যক্ষ : অফিস-৬৪৫৩২/ ৬৪৭৯৩, ফ্যাক্স : ০৪৩১-৬৪৭৯৩, উপাধ্যক্ষ : অফিস- ২১৭৩৫৮৩, EIIN - 100875

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

১৫/০৬/২০১৬

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত তথ্য ও নিয়মাবলী নিম্নে দেয়া হলঃ

- ১। ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ফলাফল মেধার ভিত্তিতে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের পর্যায়ক্রমে মেধাতালিকা ও রিলিজ ক্লিপ মেধা তালিকার ভিত্তিতে শিক্ষা বোর্ড Website এ প্রকাশ করবে।
 - খ) শিক্ষার্থী তার রোল নম্বর, বোর্ড, পাসের সন এবং রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ভর্তির নির্ধারিত ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এ Login করলে শিক্ষার্থীর নাম, নির্বাচিত কলেজের নাম, বরাদ্দকৃত গ্রুপ ও অন্যান্য তথ্যসমূহ দেখতে পাবে এবং উক্ত ফরমটি প্রিন্ট নিতে হবে।
 - গ) মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীর SMS এ প্রাপ্ত PIN কোড কলেজের ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। কলেজের উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি শিক্ষার্থীর PIN কোড ব্যবহার করে আবেদন ফরম নিশ্চয়ন করলে শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত হবে এবং শিক্ষার্থী তার মোবাইলে একটি ভর্তি নিশ্চয়নের SMS পাবে।
 - ঘ) এ কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের শাখা পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।
 - ঙ) SMS -এ পাওয়া PIN কোড ও ফলাফলের প্রিন্ট কপি জমা দিয়ে উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটির নিকট থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হবে। আবেদন ফরমটির শর্তসমূহ সুন্দরভাবে সঠিক তথ্যসহ পূরণ পূর্বক উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে এবং শিক্ষার্থীর অংশ সংগ্রহ করতে হবে।
 - চ) ভর্তির আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :
 - i) মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের নম্বরপত্র, মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, মাধ্যমিক/সমমান পরীক্ষায় অবতীর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত মূল প্রশংসাপত্র, শিক্ষার্থীর ফলাফল শীটের কপি এবং SMS পাওয়া PIN কোড ও ০৪(চার) কপি করে পাসপোর্ট সাইজের রঙিন ছবি জেমস ক্লিপ দিয়ে সংযুক্ত করতে হবে।
 - ii) ভর্তির সময় মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের মূল ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র একটি খামে ভরে জমা দিতে হবে। খামের উপরে নাম, পিতার নাম, মাতার নাম, পরীক্ষার রোল নম্বর, শ্রেণি রোল নম্বর এবং ছাত্র-ছাত্রীর সচল মোবাইল নম্বর লিখতে হবে।
 - iii) ভর্তি ফরমে ছাত্র-ছাত্রী কোনরূপ ভুল তথ্য প্রদান করলে যোগাযোগ ছাড়াই তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
 - ছ) কোটায় নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র ও ফটোকপি সত্যায়িত কলেজে জমা দিতে হবে।
- ২। ১ম মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির তারিখঃ ১৮/০৬/২০১৬ থেকে ২১/০৬/২০১৬ (সরকারি ছুটির দিন বাদে)
- ৩। আবেদন ফরম গ্রহণ ও জমা দেয়ার স্থান : পদার্থবিদ্যা ভবন
- ভর্তির সময়ঃ সকাল ১০:০০ টা থেকে বেলা ২:০০ টা পর্যন্ত।

ভর্তির টাকার পরিমান : উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখা : ২৬০০.০০ টাকা(দুই হাজার ছয়শত)মাত্র

৪। উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস শুরু তারিখ : ১০/০৭/২০১৬ (শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত)

৫। ১ম মেধা তালিকায় ভর্তির পর আসন শূন্য থাকার সাপেক্ষে ও মেধা স্কোরের ভিত্তিতে অপেক্ষমান তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি করা হবে।

স্বাক্ষরিত/-

অধ্যক্ষ

সরকারি বিএম কলেজ, বরিশাল

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখা ভর্তি কমিটিকে অনুলিপি দেয়া হল। সংশ্লিষ্ট কমিটিকে ভর্তির সকল নিয়মাবলী অনুসরণ পূর্বক ভর্তি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

(প্রফেসর স.ম. ইমানুল হাকিম)

অধ্যক্ষ

সরকারি বিএম কলেজ, বরিশাল

১৫/০৬/১৬